কোস্ট ট্রাস্ট কর্তৃক প্রাণঘাতী নভেল “করোনাভাইরাস রোগ ২০১৯” (কোভিড ১৯) প্রতিরোধে

কক্সবাজারের বাংলাবাজারে সতর্কতামূলক বিশেষ ব্যবস্থা গ্রহন।।

পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচি: কোস্ট ট্রাস্ট ২০১৮ সাল থেকে কক্সবাজার সদর উপজেলায় পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। কোস্ট ট্রাস্ট ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে নিজস্ব অর্থায়নে কর্মসুচিটি বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচিটি স্থায়ীত্বশীলতার জন্য স্থানীয় কমিউনিটিকে যুক্ত করা হয়েছে। এলকার শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, বাজার, জনপ্রতিনিধি, সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ কার্যক্রমের সাথে সম্পৃক্ত রয়েছে।

কক্স-সদর উপজেলা পরিষদে পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক মতবিনিময় সভা

কর্মসূচির অংশ হিসাবে গত বছর ০৯ ফেব্রুয়ারি’১৯ ইং তারিখে সদর উপজেলা মিলনায়তনে পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে “এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখি, দেহ মনে সুস্থ থাকি” স্লোগানে ঝিলংজা ইউনিয়নের ২নং ওয়ার্ডের হাজীপাড়ায় পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক এক র‌্যালী অনুষ্ঠিত হয়। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক ফজলুল কাদের ও কক্সবাজার সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর ফজলুল করিম চৌধুরীর নেতৃত্বে র‌্যালীতে স্থানীয় জনপ্রতিনিধি কাজল মেম্বার, হাজী পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার অধ্যক্ষ মো: মহিবুল্লাহ, হাজী পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, অন্যান্য শিক্ষকবৃন্দ, এলকার ছাত্র, যুবক, সাংবাদিক, রাজনৈতিক ব্যক্তিবর্গ, অভিভাবক সহ প্রায় ২ শতাধিক লোক উপস্থিত ছিলেন। সভা শেষে হাজীপাড়ার প্রধান সড়কের দু’পার্শ্বের ময়লা আবর্জনা পরিস্কারের মাধ্যমে পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্বোধন করা হয়। অতিথিদের উপস্থিতিতে দুটি শিক্ষাঙ্গান সহ এলাকার গুরুত্বপূর্ণ স্থানে ডাস্টবিন স্থাপন করা হয়।

হাজীপাড়ায় পরিস্কার পরিচ্ছন্ন বিষয়ক র‌্যালী

করোনাভাইরাস প্রতিরোধে বাংলাবাজারে সতর্কতামুলক বিশেষ ব্যবস্থা গ্রহন

বাংলাবাজার পরিচিতি: কক্সবাজার সদর উপজেলার পিএমখালী ও ঝিলংজা ইউনিয়নের অংশ বিশেষ নিয়ে বাংলাবাজার গঠিত। বাজারটি কক্সবাজার বাস টার্মিনাল হতে ৩ কি:মি: দুরত্বে হাইওয়ের পার্শ্বে বাকখালী নদীর তীরে অবস্থিত। সপ্তাহে রবিবার ও বুধবার বসে পাইকারী হাট। হাটের দিন প্রায় পাঁচ হাজার লোকের সমাগ হয়। স্থানীয়ভাবে উৎপাদিত কৃষি পণ্য পান, সুপারী, সব্জি, বিক্রি হয়ে থাকে বাজারে। সাপ্তাহিক বাজার ব্যতীতও দৈনিক বাজার বসে এখানে। দৈনিক প্রায় হাজার লোকের সমাগম ঘটে বাজারটিতে।



পিএমখালী ইউনিয়নে ৯টি ওয়ার্ডের ১৯টি গ্রামে প্রায় ৩০ হাজার লোকের বসবাস। জেলা সদর ও চট্রগ্রামের প্রবেশদারও বলা চলে বাংলাবাজারকে। দুটি ইউনিয়ন এবং হাইওয়ের সংযোগস্থল হওয়ায় বাজারটি অধিকতর গুরুত্ব বহন করে। ইউনিয়ন দুটির চেয়ারম্যানও পরিষদের বাহিরে অস্থায়ী চেম্বার বাজারটিতে। তাই সর্বদা পরিষদের সেবা গ্রহিতা ও বিচার-সালিশ প্রার্থীদের আনাগোনা হয় এখানে।

কক্সবাজারে পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক জরুরী সভা ও করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরন:

২২ মার্চ’২০ ইং তারিখ সকাল ১০:০০ টায় বাংলাবাজারে পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। বিশ্বব্যাপী করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) মহামারি আকার ধারন করায় মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় করোনাভাইরাস রোধে মানুষের মাঝে সচেতনতা রোধে হাত ধোয়া অভ্যাস গড়ে তোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাবাজারের গুরুত্বপূর্ণ পয়েন্টে হাত ধোয়ার জন্য পানির টেপযুক্ত ড্রাম ও হাত ধোয়ার জন্য টিপিট্যাপ বা সাবান রাখার বিষয়ে আলোচনা হয়। পরিস্কার পরিচ্ছন্নতা হাত ধোয়ার এ কার্যক্রমের সাথে স্থানীয় তরুন সংগঠন গোল্ডেন জেনারেশন অব বাংলাদেশ (GGB) একাত্ততা ঘোষনা করে। উক্ত সভায় উপস্থিত ছিলেন, GGB এর কার্যকরী সদস্যবৃন্দ, ঝিলংজা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টিপু সুলতান, আইডিয়াল ইনস্টিটিউট স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল মিজানুর

চেয়ারম্যান টিপু সুলতান করোনা প্রতিরোধে লিফলেট বিলি করছেন

রিক্সা ড্রাইভার করোনা প্রতিরোধ লিফলেট পড়ছেন

রহমান, সমাজসেবক, সাংবাদিক ও জিজিবি এর সভাপতি দেলোয়ার হোসেন, সাইফুল ইসলাম সোহাগ, তাজউদ্দিন, শহিদুল ইসলাম, আবুল বশর, ওয়াহিদুল ইসলাম, মো: তারেক, রিয়াজুর রহমান রাব্বি, ও কোস্ট ট্রাস্টের মিজানুর রহমান এবং শাহাদাত হোসেন। সভা শেষে চেয়ারম্যান টিপু সুলতানের নেতৃত্বে বাংলাবাজারে ব্যাবসায়ী, ক্রেতা, বিক্রেতা, গাড়ী চালক সহ উপস্থিত সকরের মাঝে করোনাভাইরাস রোধে করণীয় বিষয়ক লিফলেট বিতরন করা হয়। বেসরকারী উন্নয়ন সংস্থা কোস্ট ট্রাস্টের উদ্যেগে এ লিফলেট বিলি করা হয়।

করোনা ভাইরাস রোধে কক্সবাজারে হাত ধোয়া কার্যক্রম শুরু: (২৪ মার্চ'২০ ইং তারিখ)

টিপিট্যাপ দিয়ে হাত পরিস্কার করছেন

সিএনজি ড্রাইভার করোনা প্রতিরোধ লিফলেট পড়ছেন

করোনাভাইরাস প্রাথমিকভাবে হাত ধুয়ে রোধ করা যায়। তাই এই ভাইরাস প্রতিরোধে বাংলাবাজারে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করেছে। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন ও বেসরকারী উন্নয়ন সংস্থা কোস্ট ট্রাস্টের সহযোগিতায় স্থানীয় তরুন সংগঠন গোল্ডেন জেনারেশন অব বাংলাদেশ (GGB) এর সদস্যবৃন্দ এতে স্বতস্ফুর্ত অংশ গ্রহন করেন। বাংলাবাজারের মসজিদ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে হাত ধোয়ার জন্য টিপিট্যাপযুক্ত পানির ড্রাম দেওয়া হয়। বাদ আছর নামায শেষে মসজিদে আগত মুসুল্লিদের টিপিট্যাপ দিয়ে হাত ধোয়ার মধ্য দিয়ে কার্যক্রম শুরু হয়। বাজারের ৩টি গুরুত্বপূর্ণ পয়েন্টে হাত ধোয়ার ড্রাম বসানো হয়। মসজিদে আগত মুসুল্লীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরন করা হয়। স্থানীয় আইডিয়াল স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল মো: মিজানুর রহমান বলেন, বিশ্বব্যাপী করোনাভাইসের মহামারি রোধে কোস্ট ট্রাস্ট তাদের সাধ্যমত ও সামর্থ অনুযায়ী মানুষের পার্শ্বে দাড়িয়েছে। সচেতনতামূলক লিফলেট বিতরন সহ হাত ধোয়ার মাধ্যমে মানুষকে সচেতন করছে। আমরা এলাকাবাসী এমন দুর্যোগের সময় আমাদের পার্শ্বে দাড়ানোর জন্য সংস্থার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সমাজ সেবক ও সাংবাদিক দেলোয়ার হোসেন বলেন, পিকেএসএফ ও কোস্ট ট্রাস্টের এ মহৎ উদ্যোগের সাথে আমাদের স্থানীয় তরুন সংগঠন GGB যৌথভাবে কাজ করবে।

কোস্ট ট্রাস্টের উদ্যোগে স্থানীয় সংগঠন GGB এর হাত ধোয়া কার্যক্রম সম্প্রসারণ: স্থানীয় তরুন সংগঠন গোল্ডেন জেনারেশন অব বাংলাদেশ GGB তাদের নিজস্ব উদ্যোগে আরও তিনটি পয়েন্টে হাত ধোয়ার টিপিট্যাপযুক্ত ড্রাম স্থাপন করেন। এ নিয়ে মোট ৬টি পয়েন্টে হাত ধোয়া কার্যক্রম অব্যাহত রয়েছে। সংগঠনটির সভাপতি বলেন, কোস্ট ট্রাস্ট আমাদেরকে পথ নির্দেশনা দিয়েছে, স্বল্প খরছেই আমরা তিনটি হাত ধোয়ার ড্রাম তৈরী করতে পেরেছি। উক্ত ৬টি হাত ধোয়ার ড্রামে সংগঠনের সদস্যরা পানি ও টিপিট্যাপে সাবান মিশ্রিত পানি নিশ্চিত করছে। বাজার কমিটি এবং স্থানীয় জনপ্রতিনিধিও এ কার্যক্রমে যুক্ত হয়েছেন। বাজারের রিক্সা ষ্ট্যান্ডের দায়িত্বে নিয়োজিত শ্রমিকরা রিক্সার যাত্রী ও ড্রাইভারদের হাত ধোয়ার কাজে সহযোগীতা করছেন।

স্থানীয়দের উদ্যোগে পানির পাইপের সাথে হাত ধোয়ার জন্য সাবানের ব্যবস্থা করেছেন

দৈনিক পাঁচ শতাধিক লোকের হাত ধোয়া অব্যাহত: বাজার কমিটির সেক্রেটারি নাসির উদ্দিন জানান, কোস্ট ট্রাস্ট ও স্থানীয় সংগঠন GGB বাংলাবাজারে গুরুত্বপূর্ণ ৬টি পয়েন্টে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহন করেছে। বাংলাবাজার একটি গুরুত্বপূর্ণ পয়েন্ট পিএমখালী ইউনিয়নের ৯টি ওয়ার্ডের প্রবেশদ্বারও বলা চলে বাজারটি। প্রতিদিন বাজারে প্রায় হাজার লোকের যাতায়ত ঘটে। বাজার কমিটি, স্থানীয় মেম্বার ও দুটি ইউনিয়নের চেয়াম্যান এবং স্থানীয় সংগঠনের যৌথ প্রচেষ্টার ফলে দৈনিক প্রায় পাঁচ শতাধিক লোকের সাবানযুক্ত পানি দিয়ে হাত ধোয়া হয় বাজারটিতে।

স্থানীয় সংগঠন মসজিদে আগত মুসুল্লীদের হাত ধোয়ায় সহায়তা করছেন

ভবিষ্যৎ পরিকল্পনা: বাংলাবাজার নিকটবর্তী গ্রাম সমুহে (১ বর্গ কি:মি:) অনুরুপ হাত ধোয়ার কর্মসূচি গ্রহণ করা হবে। করোনাভাইরাস মহামারি স্বাভাবিক হলে স্থানীয় জনগনের সমন্বয়ে বাজার ও এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন অভিযান চালানো হবে। গুরুত্বপূর্ণ স্থান সমুহে ডাস্টবিন স্থাপন করা হবে। উঠান বৈঠকের মাধ্যমে মানুষকে সচেতন করা হবে। ডিসেম্বর'২০ মাসের মধ্যে এলাকাটিকে পরিচ্ছন্ন এলাকা হিসাবে ঘোষনা করার পরিকল্পনা রয়েছে। এলাকাটি কক্সবাজারের একটি মডেল পরিচ্ছন্ন এলাকা হিসাবে গড়ে তোলা হবে যেন দেখাদেখি পর্যায়ক্রমে জেলার অন্যান্য এলাকাগুলো পরিস্কার পরিচ্ছন্ন হয়ে উঠে।